# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 06 July, 2025

বরগুনায় ডেঙ্গু রোগী প্রতিদিনই বাড়ছে, গত ২৪ ঘণ্টায় নতুন করে ১০২ জন আক্রান্ত হয়েছে, যা এ বছরের মধ্যে একদিনে সর্বোচ্চ।এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৩ হাজার ৪৫৯ জনে।এর মধ্যে ২৮ জন ডেঙ্গুতে প্রাণ হারিয়েছেন।

বরগুনার সিভিল সার্জন কার্যালয় রবিবার (৭ জুলাই) এ তথ্য প্রকাশ করেছে।নতুন আক্রান্তদের মধ্যে বরগুনা সদর উপজেলায় ৭৬ জন, পাথরঘাটা উপজেলায় ১২ জন, তালতলী ও বামনা উপজেলায় ৭ জন করে আক্রান্ত হয়েছেন।

বর্তমানে জেলায় ২২৭ জন ডেঙ্গু রোগী চিকিৎসাধীন আছেন।এর মধ্যে বরগুনা জেনারেল হাসপাতালে ১৬৬ জন, আমতলী ৬ জন, বেতাগী ৩ জন, বামনা ১৭ জন, পাথরঘাটা ২১ জন ও তালতলী ১৪ জন।

বরগুনা সদর উপজেলায় মোট আক্রান্ত ৩,০৭০ জন, তালতলী ৫৪, বামনা ১০৩, বেতাগী ৩৫, আমতলী ৪২ এবং পাথরঘাটা ১১৫ জন।

ডেঙ্গুতে মৃতদের মধ্যে বরগুনা সদর উপজেলার ২৪ জন, বেতাগীর ৩ জন ও পাথরঘাটার ১ জন রয়েছেন।

বরগুনা জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. তাজকিয়া সিদ্দিকাহ জানান, “ডেঙ্গু রোগীর চাপ বেড়ে গেছে, প্রতিনিয়ত নতুন রোগী আসছে।আমরা সর্বোচ্চ চেষ্টা করছি, কিন্তু পরিস্থিতি জটিল হচ্ছে।”

সিভিল সার্জন ডা. মোহাম্মদ আবুল ফাত্তাহ বলেন, “ডেঙ্গু বাড়ছে এবং তা নিয়ন্ত্রণে আসছে না। চিকিৎসা সেবা দিতে হিমশিম খাচ্ছি। সচেতনতা, পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ও ব্যাপক মশক নিধন কার্যক্রম ছাড়া পরিস্থিতি নিয়ন্ত্রণ করা কঠিন।”

বরগুনাবাসীর প্রতি জরুরি সতর্কবার্তা, প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে চলা ও সরকারি তৎপরতায় সহযোগিতা করার আহ্বান জানানো হয়েছে।

ডেঙ্গু বরগুনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:10

URL: https://timestodaybd.com/public/national/4299775807